

কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ৪৪

আরবি মূল আয়াত:

يَوْمَ تَشَقَّقُ الْأَرْضُ عَنْهُمْ سِرَاعًا ۚ ذَٰلِكَ حَشْرٌ عَلَيْنَا يَسِيرٌ ﴿٤٤﴾

অনুবাদসমূহ:

সেদিন তাদের থেকে যমীন বিদীর্ণ হবে এবং লোকেরা দিগ্বিদিক্ ছুটাছুটি করতে থাকবে। এটি এমন এক সমাবেশ যা আমার পক্ষে অতীব সহজ। — আল-বায়ান

যেদিন পৃথিবী দীর্ণ বিদীর্ণ হবে, আর মানুষ ছুটে যাবে (হাশরের পানে)। এই একত্রীকরণ আমার জন্য খুবই সহজ। — তাইসিরুল

যেদিন পৃথিবী বিদীর্ণ হবে এবং মানুষ বের হয়ে আসবে ব্যস্ত ত্রস্ত হয়ে, এই সমবেত সমাবেশ করণ আমার জন্য সহজ। — মুজিবুর রহমান

On the Day the earth breaks away from them [and they emerge] rapidly; that is a gathering easy for Us. — Sahih International

৪৪. যেদিন তাদের থেকে যমীন বিদীর্ণ হবে এবং লোকেরা ত্রস্ত-ব্যস্ত হয়ে ছুটোছুটি করবে, এটা এমন এক সমাবেশ যা আমাদের জন্য অতি সহজ।

তাফসীরে জাকারিয়া

(৪৪) যেদিন পৃথিবী বিদীর্ণ হবে এবং মানুষ বের হয়ে আসবে ত্রস্ত-ব্যস্ত হয়ে,[1] এই সমাবেশকরণ আমার জন্য সহজ।

[1] অর্থাৎ, সেই আহ্বানকারীর দিকে দৌড়বে, যে আওয়াজ দেবে। (ফাতহুল ক্বাদীর) নবী করীম (সাঃ) বলেছেন, “(সর্বপ্রথম আমার কবরের) মাটি ফেটে যাবে, সর্বপ্রথম জীবিত হয়ে আমিই বের হব।” (মুসলিমঃ ফাযায়েল অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন